২৩/৭/২০০৩

তারিখ ....................
পৃষ্ঠা [illegible] ... কলাম ... [illegible]

দৈনিক [illegible]

# রাজশাহী বিশ্ববিদ্যালয় রণক্ষেত্র, ছাত্রদলের অনির্দিষ্টকাল ধর্মঘট

রা.বি প্রতিনিধি : ছাত্রদলের পূর্বঘোষিত প্রশাসনিক ভবনসমূহে ধর্মঘটকে কেন্দ্র করে গতকাল রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস রণক্ষেত্রে পরিণত হলে এতে ২০ জন আহত হয়।

ছাত্রদল আজ থেকে রা.বি ক্যাম্পাসে অনির্দিষ্টকাল ধর্মঘট ডেকেছে। প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা যায়, গতকাল ছাত্রদল তাদের ২০ দফা দাবি বাস্তবায়নে উদ্দেশে প্রশাসন ভবনসমূহে ধর্মঘট আহ্বান করলেও প্রশাসন ভবনসমূহে যথারীতি কাজ চলতে থাকে। এ পর্যায়ে ছাত্রদল সকাল ১১টায় প্রশাসন ভবন-১-এর দিকে অগ্রসর হয়ে ভিতরে প্রবেশের চেষ্টাকালে পুলিশি বাধার মুখে প্রশাসন ভবনের মূল ফটকে অবস্থান নিয়ে সমাবেশ শুরু করে। সমাবেশের এক পর্যায়ে ছাত্রদল নেতৃবৃন্দ

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৩

## রাজশাহী বিশ্ববিদ্যালয় রণক্ষেত্র

● প্রথম পাতার পর

পুলিশের সহকারী কমিশনার মফিজউদ্দিনের সঙ্গে কথাকাটাকাটি ও হাতাহাতিতে লিপ্ত হলে এক পর্যায়ে পুলিশ ব্যাপক লাঠিচার্জ শুরু করে। এ সময় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মিলনায়তন, প্রশাসন ভবন-২ সহ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে ছাত্রদলের সঙ্গে পুলিশের সংঘর্ষ ঘণ্টাব্যাপী বিক্ষিপ্তভাবে চলতে থাকে। সংঘর্ষে ছাত্রদল আহ্বায়ক তাইফুল ইসলাম টিপু, লিখন, শিমুল, মতিয়ারসহ প্রায় ২০ জন আহত হয়। এদের মধ্যে মাদারবক্স হলের সভাপতি মতিয়ারের অবস্থা গুরুতর। পুলিশি গ্রেপ্তার এড়াতে আহত ছাত্রদল নেতাকর্মীরা শহরের বিভিন্ন ক্লিনিকে চিকিৎসাধীন রয়েছে বলে জানা যায়।

এদিকে ছাত্রদল আজ থেকে রা.বি উপাচার্য সাইদুর রহমান খানের পদত্যাগের দাবিতে অনির্দিষ্টকালের জন্য ক্যাম্পাসে ধর্মঘট ডেকেছে। এ বিষয়ে রা.বি প্রক্টরের কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন, ছাত্রদলের সঙ্গে বিশ্ববিদ্যালয় প্রশাসনের আলোচনা চলাকালীন এ ধরনের ঘটনা ঘটেছে যা অত্যন্ত দুঃখজনক।